দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0 2 OCT 1988 ...
পৃষ্ঠা ... 1 ...

000048

১৪

# আমরা উপর্যুপরি বন্যার স্থায়ী সমাধান চাই

## প্রেসিডেন্ট

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ গতকাল (শনিবার) পুনর্বার বলিয়াছেন যে, বাংলাদেশ উপর্যুপরি বন্যার সমস্যার স্থায়ী সমাধান চায়। গতকাল বিকালে মীরপুরে হারম্যান মাইনার কলেজ উদ্বোধনকালে প্রেসিডেন্ট এরশাদ বলেন, এই লক্ষ্য অর্জনের জন্য বাংলাদেশ আঞ্চলিক এবং আন্তর্জাতিক সহযোগিতা চাহিয়াছে। প্রেসিডেন্ট এরশাদ বলেন যে,

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## প্রেসিডেন্ট

(১ম পৃ: পর)

এই লক্ষ্যে তিনি ভারত সফর করিয়াছেন এবং আজ (রবিবার) নেপাল সফর করিবেন। তিনি বলেন, আমরা ভুটান ও চীনও সফর করিব। তিনি আশাবাদ ব্যক্ত করিয়া বলেন, আমরা এই সমস্যার একটি স্থায়ী সমাধান অর্জনে সক্ষম হইব।

মীরপুরে সরকার প্রদত্ত একখণ্ড জমিতে এস ও এস ইন্টারন্যাশনাল কর্তৃক সংগঠনের প্রতিষ্ঠাতা প্রয়াত হারম্যান মাইনারের নামে প্রতিষ্ঠিত কলেজটি উদ্বোধনকালে প্রেসিডেন্ট এরশাদ যথাযথ পরিবেশে ভবিষ্যৎ নাগরিকদের গড়িয়া উঠার ক্ষেত্রে সকল মহলের সহায়তা কামনা করেন।

প্রেসিডেন্ট এরশাদ এতিমদের মাতৃস্নেহে গড়িয়া উঠার মত পরিবেশ সৃষ্টিতে হারমান মাইনারের অবদানের কথা উল্লেখ করিয়া বলেন যে, উহা ছিল হারমান মাইনারের স্বপ্ন এবং বিশ্বের বিভিন্ন অংশে এসওএস পল্লী ও স্কুল প্রতিষ্ঠার মাধ্যমে তিনি সেই স্বপ্ন বাস্তবায়িত করেন।

শিশুদের কল্যাণে সরকারী প্রয়াসের কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট এরশাদ বলেন যে, বিভিন্ন নগরী ও শহরে শিশু একাডেমী ও শিশু পার্ক গড়িয়া তোলা ছাড়াও সরকার এতিমদের লালন-পালনের জন্য ৭০টি শিশু সদন প্রতিষ্ঠা করিয়াছেন।

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, সমাজকল্যাণ মন্ত্রী রেজোয়ানুল হক চৌধুরী, এস ও এস-এর সভাপতি হেলমুট কুটিন, সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের সচিব আজিজুল হক এবং এস ও এস-এর প্রকল্প পরিচালক শেখ নিয়ামত আলীও অনুষ্ঠানে বক্তৃতা করেন। মিঃ কুটিন পশ্চিম জার্মানীর এস ও এস শিশুপল্লী কর্তৃক প্রেসিডেন্টের ত্রাণ তহবিলে দানকৃত তিন লক্ষ টাকার চেক প্রেসিডেন্ট এরশাদকে প্রদান করেন। প্রকল্প পরিচালক শিশুদের টিফিন হইতে বাঁচানো ৮ হাজার টাকাও প্রদান করেন।

স্পীকার শামসুল হুদা চৌধুরী, উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম, এ, মতিন, মন্ত্রীবর্গ, নৌবাহিনী প্রধান, কূটনীতিকগণ এবং উচ্চপদস্থ কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

Receiver's Signature
Date :